

সন্ত্রাস ও সন্ত্রাসীদের উৎপত্তিস্থল শিক্ষাঙ্গন

শিক্ষা প্রতিমন্ত্রী

বাকুবী প্রতিনিধি

শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহছানুল হক মিলন বলেছেন, সন্ত্রাস ও সন্ত্রাসীদের উৎপত্তিস্থল শিক্ষাঙ্গন। আমরা যদি শিক্ষাঙ্গনগুলোতে সন্ত্রাসীদের দমন করে ঠিকমতো চালাতে পারি তবে দেশে সন্ত্রাস থাকবে না; কোন দেশই শিক্ষা ছাড়া উন্নতি করতে পারে না, আর শিক্ষার উন্নতির জন্য বিশ্ববিদ্যালয় অঙ্গনগুলোতে গতিশীল ছাত্র রাজনীতি প্রয়োজন। অসুস্থ ছাত্র রাজনীতিই বিশ্ববিদ্যালয় আগ্নেয় সেশনজট ও সন্ত্রাসের জন্ম দেয়। প্রতিমন্ত্রী গতকাল রোববার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মিনি কনফারেন্স হলে ছাত্র বিষয়ক বিভাগ কর্তৃক আয়োজিত বাংলাদেশে আর্সেনিক সমস্যা শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বাইরের দেশগুলো এসে আমাদের সাহায্য করবে সেই দিকে তাকিয়ে না থেকে আমাদের গবেষকদেরই আর্সেনিক বিষয়ক সমস্যা সমাধান করতে হবে। কৃষক আমাদের পূর্বপুরুষ, জাতি কৃষকের দিকে তাকিয়ে

আছে; এ কারণেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়কে সবচেয়ে বেশি অর্থায়ন দিতে হবে।

উপাচার্য প্রফেসর মু. মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে ওই সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন, সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ দেলোয়ার হোসেন খান এমপি, মোঃ রাশিদুজ্জামান মিল্লাত এমপি, মাহী বি চৌধুরী এমপি। আলোচনায় অংশ নেন প্রফেসর ডা. এআইএম মোফাখখারুল ইসলাম, প্রফেসর ড. লুৎফর রহমান খান ছাত্রবিষয় উপদেষ্টা প্রফেসর ড. আমিরুল ইসলাম, প্রক্টর প্রফেসর ড. নজরুল ইসলাম, সহকারী প্রক্টর প্রফেসর মুজিবুর রহমান, ছাত্রদল সভাপতি এএসএম খালিদ প্রমুখ।